

ISSN 2394-5656

UGC Approved Journal

শিশুসাহিত্য বিষয়ক পত্রিকা

মাসপত্র  
নিসপত্র

WBBEN, 11950/25/1/02/TC/493

বর্ষ - ১৭, সংখ্যা - ১৯ অগ্রহায়ণ ১৪২৫

Year-17, Issue-19, Dec-2018

শঙ্খ ঘোষের শিশুসাহিত্য  
বিশেষ সংখ্যা

সম্পাদক

আসরফী খাতুন

• 'বড়ো হওয়া খুব ভাল': শৈশবের ইতিকথা	৩৫৬	শর্মিষ্ঠা ঘোষ
• শঙ্খ ঘোষের 'ছোটদের ছড়া কবিতা'-য় বহুবর্ণরঞ্জিত পালকের সমাহারে নির্মিত শিশু ও শিশুমনের ক্যানভাস	৩৬১	দীপক পাত্র
• শঙ্খ ঘোষের 'বল তো দেখি কেমন হতো': একটি মূল্যায়ন	৩৭৫	অভিজিৎ দাঁ
• আকৈশোর যুদ্ধের বিষাদের মধ্যে ও	৩৮১	নবনীতা বসু হক
• ছোট্ট একটা স্কুল ও শঙ্খ ঘোষ	৩৯২	রীনা মিত্র
• ছোটদের শঙ্খ ঘোষ	৪০৪	লায়েক মইনুল হক
• শঙ্খ ঘোষের শিশুসাহিত্য	৪১৫	সুকুমার দত্ত
• সকালবেলার আলো: মনস্তাত্ত্বিক প্রেক্ষিত	৪২০	সেক আপতার হোসেন
• গ্রন্থপাঠের এক নন্দিত বিন্যাস: শঙ্খ ঘোষের 'বইয়ের ঘর'	৪২৪	মিস্ট্রু রায় সামন্ত
• একটা যুগের শেষ কিংবদন্তী কবি: শঙ্খ ঘোষ ও তাঁর শিশুসাহিত্য	৪৩২	প্রদীপ্ত সামন্ত
• শিশুসাহিত্যে শিশুসুলভ কবি শঙ্খ ঘোষ	৪৩৮	শম্পা হালদার
• শঙ্খ ঘোষের ছড়া: শিশুমনের ক্রমবিকাশের উত্তরণ	৪৫২	এনামুল হক খাঁ
• কবি শঙ্খ ঘোষ ও শিশুসাহিত্য	৪৬২	অজয়কৃষ্ণ ব্রহ্মচারী
• সববয়সীর মনের মতো বই: 'অল্পবয়স কল্পবয়স'	৪৭৯	প্রমা পাল
• শঙ্খ ঘোষের ছড়া: পরিবর্তমান সমাজ- বাস্তবতার জীবন আলেখ্য	৪৮৪	আবু তাহের
• ছড়ায় শিশুর শঙ্খ ধ্বনি	৪৯৪	জিতেন মিস্ত্রী
• শঙ্খ ঘোষের বানান ভাবনা এবং	৫০৬	অরুন্ধতী মাহিন্দার
• শঙ্খ ঘোষের ছড়ায় প্রকৃতি চেতনা	৫০৮	কোহিনূর বেগম

## শঙ্খ ঘোষের ছড়ায় প্রকৃতি চেতনা কোহিনুর বেগম

লোকসাহিত্যের অন্তর্ভুক্ত সৌন্দর্যময় সৃজনশিল্প ছড়া। মানুষের মুখে মুখে ঝংকারময় এই পদ্যপ্রবাহ যুগ থেকে যুগে চিরপ্রবহমান। ধ্বনিমাধুর্য ও সুরঝংকারই ছড়ার প্রধান ও প্রথম বৈশিষ্ট্য। অর্থময়তা এখানে ম্লান। যেমন 'ছেলে ঘুমালো পাড়া জুড়ালো বর্গী এল দেশে, বুলবুলিতে ধান খেয়েছে খাজনা দিব কিসে'।— এই ছড়াটি কোনো রাজনৈতিক সমস্যা জাত নয়, চিরন্তন মানবিক সমস্যাজাত। সেটি হল ছোট্ট বাচ্চা শিশুকে মায়ের ঘুম পাড়ানোর সমস্যা। তাই ইন্দুসুরের পাখায় ভর দিয়ে ছড়া শিশু মনস্তত্ত্বের উপযোগী হয়ে উঠেছে। কবিগুরু রবীন্দ্রনাথ বলেছেন— 'বুঝিতে পারি না, কেন এত মহাকাব্য এবং খণ্ডকাব্য এত তত্ত্বকথা এবং নীতিপ্রচার, মানবের এত প্রাণপন প্রযত্ন এত গলদঘর্ম ব্যায়াম প্রতিদিন ব্যর্থ এবং বিস্তৃত হইতেছে, অথচ এই সকল অসঙ্গত অর্থহীন সদৃচ্ছাকৃত শ্লোকগুলি লোক-স্মৃতিতে চিরকাল প্রবাহিত হইয়া আসিতেছে।' ছড়ার এই বৈশিষ্ট্যের আলোকেই আধুনিক কবি শঙ্খ ঘোষ শিশু মনস্তত্ত্বের উপযোগী বিখ্যাত ছড়াগুলি রচনা করেছেন। প্রকৃতি চেতনা তাঁর ছড়ায় কতখানি প্রভাব বিস্তার করে শিশুমনকে উদ্দীপ্ত করেছে তা বিচার করার প্রয়াস করবো।

আজন্ম বঙ্গ প্রকৃতির বুকে মগ্ন হয়ে কবি শঙ্খ ঘোষ হৃদয় দিয়ে অনুভব করেছেন বাংলার নদী, মাঠ, প্রান্তরকে। রূপকথা, নদী, পাহাড়, বৃষ্টি, ভ্রমণ যেগুলি শিশু প্রকৃতিকে গভীরভাবে নাড়া দেয় সেই বিষয়গুলিকে নিয়ে তৈরি করেছেন শিশুমনন। আমরা কবির 'ছড়া সমগ্র' গ্রন্থের কবিতাগুলো কেন্দ্র করে এই আলোচনায় অগ্রণী হয়েছি। পাহাড়ে চড়ার অভিজ্ঞতাকে শিশুর মানসিকতায় কবি লিখেছেন—

মানো বা না মানো একথা সত্যি  
নিজে নিজে আমি উঠেছি পাহাড়ে  
মন হয়ে গেছে খুশিতে ভর্তি  
দশ দিককার রূপের বাহারে।  
মানো বা না মানো এ কথা সত্যি।  
আমি নেই আর সে একরত্তি।'

(‘পাহাড়ে’ পৃ: -১৪৪)

পাহাড়ে চড়ার প্রথম খুশী ছোট্ট শিশুর মনকে কতখানি আবেগে-আবেশে বিহ্বল করে তোলে তার প্রকৃষ্ট প্রমাণ এই ছড়াটি। বাংলা প্রকৃতিতে আষাঢ়-শ্রাবণের আগমন মানেই জলভরা মেঘের বারিধারা। কিন্তু যদি এর ব্যতিক্রম ঘটে তখন শিশুর কাছেও তা অসহনীয় হয়ে ওঠে। সে বলে ওঠে